



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ০৯.০৬.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: কক্সবাজারে বন্ধুকে খুঁজতে গিয়ে একটি আবাসিক হোটেলে ধর্ষণের শিকার কিশোরীর আত্মহত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৯ জুন, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে- কক্সবাজারে বন্ধুকে খুঁজতে গিয়ে একটি আবাসিক হোটেলে ধর্ষণের শিকার হয়ে পরবর্তীতে আত্মহত্যার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, এক বছর আগে ধর্ষণের শিকার কিশোরীর সাথে জিসানুল ইসলামের ফেসবুকে পরিচয়ের মাধ্যমে তাদের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক গড়ে ওঠে। জিসানুল ইসলাম বায়েজিদ বোস্তামী থানা এলাকায় একটি মিষ্টির কারখানায় কাজ করত। পরে জিসানুল বেশি বেতনের চাকরিতে কক্সবাজারের নতুন কর্মস্থলে চলে যায়। যোগাযোগের এক পর্যায়ে জিসান ওই কিশোরীকে কক্সবাজারে এসে দেখা করতে বলে। গত ৩১ মে, ২০২২ তারিখ কিশোরী তার এক বান্ধবীকে নিয়ে কক্সবাজার যাওয়ার পর জিসানুল ইসলাম দেখা করতে পারবে না বলে ওই কিশোরীকে জানায় এবং তাদেরকে চট্টগ্রাম ফিরে যেতে বলে। এ সময় ওই ছাত্রী ও তার বান্ধবী চট্টগ্রামে চলে যাওয়ার জন্য একটি টমটমে ওঠে। টমটমচালক রুবেলকে ওই কিশোরী ঘটনা খুলে বললে রুবেল নিজেকে জিসানুলের পরিচিত বলে দাবি করে এবং দেখা করিয়ে দেওয়ার আশ্বস্ত প্রদান করে। এরপর রুবেল ছাত্রীর বান্ধবীকে চট্টগ্রামগামী একটি বাসে তুলে দেয়। পরে জিসানুলকে খুঁজে বের করার অভিনয় করে ওই কিশোরীকে হোটেল আলামিন নামে একটি আবাসিক হোটেলে নিয়ে কিশোরীকে ধর্ষণ করে। কিশোরী মানসিকভাবে বিপর্যস্ত হয়ে ৩ জুন, ২০২২ তারিখ ফ্যানের সঙ্গে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, নারী ও কন্যার প্রতি বর্বর ও ধর্ষণের ঘটনাগুলো উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ মহিলা পরিষদ এই অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে দ্রুত বিচার নিশ্চিতকরণে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছে এবং এই ধরনের ঘটনা প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের গুরুত্বসহকারে বিবেচনায় নিয়ে যথাযথ দায়িত্ব পালনের দাবি জানাচ্ছে।

উপরোল্লিখিত ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ উক্ত ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে। সেইসাথে বাংলাদেশ মহিলা পরিষদ নারী ও কন্যার প্রতি সহিংসতা এবং সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সারাদেশে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফাওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ